# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৮০

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭৩. ‘জুনুবী’ (বীর্যপাতের কারণে অপবিত্র ব্যক্তি) যদি ঘুমাতে চায়

بَابُ الْجُنُبِ إِذَا أَرَادَ أَنْ يَنَامَ

## আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَقَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْأَسْوَدِ عَنْ أَبِيهِ قَالَ سَأَلْتُ عَائِشَةَ كَيْفَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَصْنَعُ إِذَا أَرَادَ أَنْ يَنَامَ وَهُوَ جُنُبٌ فَقَالَتْ كَانَ يَتَوَضَّأُ وُضُوءَهُ لِلصَّلَاةِ ثُمَّ يَنَامُ

محمد بن إسحاق مدلس وقد عنعن ولكن الحديث صحيح

## বাংলা

৭৮০. আব্দুর রহমান ইবনুল আসওয়াদ তার পিতা হতে বর্ণনা করেন, তিনি বলেন, আমি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে জিজ্ঞাসা করলাম: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ’জুনুবী’ (অপবিত্র) অবস্থায় ঘুমাতে চাইলে কী করতেন? তিনি বললেন: তিনি সালাতের ওযুর ন্যায় ওযু করতেন এরপর ঘুমাতেন।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক: মুহাম্মদ ইবনু ইসহাক মুদাল্লিস। আর তিনি এটি ‘আন ‘আন পদ্ধতিতে বর্ণনা করেছেন (ফলে এর সনদ যয়ীফ-অনুবাদক)। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: সহীহ বুখারী ২৮৬; সহীহ মুসলিম ৩০৫; আমরা এর পূর্ণ তাখরীজ করেছি সহীহ ইবনু হিব্বান নং ১২১৭, ১২১৮ এ; এটি আরও বর্ণিত, হয়েছে: বাইহাকী, মা’রেফাতুস সুনান নং ১৫১৭, ১৫২০; ইবনু হাযম, আল মুহাল্লা ২/২২০, ২২১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আব্দুর রহমান ইবনুল আসওয়াদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76157

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন